

আসছে এপিসোডিক সিনেমা 'হোমকামিং'! শেষ হল ছবির শ্যুটিং

স্বতন্ত্র ছবি 'হোমকামিং'-র (Homecoming) শ্যুটিং শেষ হল সম্প্রতি। তিনটি ভাষায় তৈরি এই ছবির প্রযোজনা, পরিচালনা ও চিত্রনাট্য লেখার দায়িত্ব একাধারে সামলেছেন, অভিনেতা সৌম্যজিৎ মজুমদার (Soumyajit Majumdar)। ফিচার ফিল্মে তাঁর হাতে খড়ি এই ছবির মাধ্যমেই। রয়েছেন এক ঝাঁক তরুণ অভিনেতা-অভিনেত্রীরা।



শেষ হল 'হোমকামিং' ছবির শ্যুটিং



Aajtak Bangla

কলকাতা, 22 Jan 2021, (Updated 22 Jan 2021, 5:32 PM IST)



হাইলাইটস

শেষ হল 'হোমকামিং' ছবির শ্যুটিং।

ছবিতে রয়েছেন একঝাঁক তরুণ অভিনেতা-অভিনেত্রীরা।

পরিচালনার দায়িত্বভার সামলেছেন সৌম্যজিৎ মজুমদার।

স্বতন্ত্র ছবি 'হোমকামিং'-র (Homecoming) শ্যুটিং শেষ হল সম্প্রতি। তিনটি ভাষায় তৈরি এই ছবির প্রযোজনা, পরিচালনা ও চিত্রনাট্য লেখার দায়িত্ব একাধারে সামলেছেন, অভিনেতা সৌম্যজিৎ মজুমদার (Soumyajit Majumdar)। ফিচার ফিল্মে তাঁর হাতে খড়ি এই ছবির মাধ্যমেই। রয়েছেন এক ঝাঁক তরুণ অভিনেতা-অভিনেত্রীরা।

'এপিসোডিক সিনেমা' (Episodic Cinema) জঁনারের এই ছবিটি ইংরাজী, হিন্দি ও বাংলা- এই তিনটি ভাষাতে তৈরি হবে। অর্থাৎ একই ছবিতে থাকবে টুকরো টুকরো অনেকগুলি গল্প। গত বছর ফেব্রুয়ারি মাসে 'হোমকামিং' ছবির শ্যুটিং হওয়ার কথা ছিল। কিন্তু অতিমারীর জন্যে তা পিছিয়ে যায়। একটি বিদ্রোহী যুব নাট্যদলের পুনর্মিলনের গল্প দেখানো হবে এই ছবিতে। দুর্গাপূজার সময়ে এক নবমীর রাতে, সাত বছর পরে সেই নাট্যদলটির পুনর্মিলন হয় এবং তা নিয়েই ছবির গল্প এগোয়।

আরও পড়ুন: **টলিপাড়ার কোন ৫ উঠতি নায়িকা নজর কাড়ছেন দর্শকদের, দেখুন ছবিতে**

বলিউড ও টলিউডের ৩০ জনের বেশি তরুণ অভিনেতাদের একসঙ্গে দেখা যাবে এই ছবিতেই। বলা চলে এটাই 'হোমকামিং'-র মূল ইউএসপি। এই ছবিটিতে অভিনয় করছেন সায়নী গুপ্ত, হসেন দালাল, তুষার পাণ্ডে, সোহম মজুমদার, প্লবিতা বরঠাকুর, তুহিনা দাস, পূজারিনী ঘোষ, সায়ন ঘোষ, সৌরভ শুভ্র দাস সহ আরও অনেকে।

আরও পড়ুন: **এবার হিন্দি শর্ট ফিল্মে স্বস্তিকা! শিলাদিত্য মৌলিকের স্বাদ অনুসার-এ দেখা যাবে তাঁকে**

এই ছবিতে রয়েছেন ইন্ডাস্ট্রির গুণী কলাকুশলীরাও। রয়েছেন জাতীয় পুরস্কার প্রাপ্ত সাউন্ড ডিজাইনার অদীপ সিং মানকি এবং অনিন্দিত রায়, জাতীয় পুরস্কার বিজয়ী পোশাক ডিজাইনার অপু গোবিন্দ মন্ডল এবং সম্পাদক বোদ্ধাদিত্য ব্যানার্জিও অন্যান্যরা। এই ছবিটির সঙ্গীত পরিচালনা করেছেন সমীর রাহাতা। একাধিক নতুন হিন্দি কম্পোজিশন ছাড়াও রয়েছে বাংলার ফ্লেভার। থাকছে লোক এবং ফিউশন বাংলা গানও।



এর আগে ছবির পরিচালক সৌম্যজিৎ, বহু বলিউড ও টলিউড ছবিতে আজ করেছেন। যেই ছবিগুলি যেমন বক্স অফিসে সাফল্য এনেছে তেমন অনেকগুলি ছবি বার্লিন, কানের মতো বিভিন্ন চলচ্চিত্র উৎসবেও প্রদর্শিত হয়েছে। সব ঠিক থাকলে এই বছরই মুখতি পাবে 'হোমকামিং'।